কানাইঘাটে সাংবাদিকদের সাথে এএসপি অলক কান্তি শর্মার মতবিনিময়

কানাইঘাট প্রতিনিধি: কানাইঘাট সার্কেলের নবাগত এএসপি অলক কান্তি শর্মা সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন।

সোমবার (৩১ জুলাই) রাত ৮টায় কানাইঘাট থানার অফিসার ইনচার্জ কার্যালয়ে কানাইঘাট প্রেসক্লাব নেতৃবৃন্দের সাথে মতবিনিময় কালে এএসপি অলক কান্তি শর্মা বলেন, পুলিশ সাংবাদিক একে অন্যের পরিপূরক। আইন শৃঙ্খলার উন্নয়ন, অপরাধ মূলক কর্মকান্ড দমন, মাদক ও চোরাচালান নির্মূলসহ শান্তি-সম্প্রীতি রক্ষার্থে পুলিশকে সব-সময় তথ্য দিয়ে সাংবাদিকরা সহযোগিতা করে থাকেন।

কানাইঘাটের আইন-শৃঙ্খলার উন্নয়নের পাশাপাশি চোরাচালান প্রতিরোধ, মাদক নির্মূল এবং পুলিশি সেবা জনসাধারনের দোরগোড়ায় পৌঁছে দিতে নির্ভরযোগ্য তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করার জন্য সাংবাদিকদের প্রতি আহ্বান জানান তিনি।

কানাইঘাট থানার অফিসার ইনচার্জ গোলাম দস্তগীর আহমেদের সভাপতিত্বে মতবিনিময়কালে উপস্থিত ছিলেন- থানার ওসি (তদন্ত) উজায়ের আলমাহমুদ আদনান, সাংবাদিকদের মধ্যে উপস্থিত ছিলেন কানাইঘাট প্রেসক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি এম.এ হান্নান, প্রেসক্লাব সভাপতি নিজাম উদ্দিন, সহ-সভাপতি আব্দুন নুর, শাহিন আহমদ, সাধারণ সম্পাদক মাহবুবুর রশিদ, সহ সাধারণ সম্পাদক মুমিন রশিদ, কোষাধ্যক্ষ আমিনুল ইসলাম, দপ্তর সম্পাদক সুজন চন্দ অনুপ, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক মাও. আসাদ, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক মাহফুজ সিদ্দিকী, তথ্য, প্রযুক্তি ও পাঠাগার বিষয়ক সম্পাদক জয়নাল আজাদ, প্রেসক্লাবের কার্যনির্বাহী কমিটির সাবেক সদস্য আলা উদ্দিন।

মতবিনিময় কালে প্রেসক্লাব নেতৃবৃন্দ নবাগত এএসপি অলক কান্তি শর্মাকে কানাইঘাটের আইন-শৃঙ্খলার উন্নয়নে সব ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করে বলেন, স্থানীয় সাংবাদিকরা সব-সময় পুলিশের ভালো কাজগুলো গণমাধ্যমে তুলে ধরার পাশাপাশি আইন-শৃঙ্খলার উন্নয়ন ও অপরাধ দমনে সর্বাত্মক ভাবে সহযোগিতা করে আসছে।

চোরাচালান দমন এবং মাদক বিরোধী অভিযান জোরদার এবং পুলিশের সেবা কোন ধরনের হয়রানী ছাড়াই প্রদানে আরো নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য পুলিশ প্রশাসনকে আহ্বান জানান।

মতবিনিময় সভায় এএসপি অলক কান্তি শর্মা ও থানার অফিসার ইনচার্জ গোলাম দস্তগীর আহমেদ কানাইঘাট প্রেসক্লাবের নতুন কমিটিকে শুভেচ্ছা জানান।